



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
মনিটরিং-২ শাখা
www.lgd.gov.bd



স্মারক নম্বর: -৪৬.০০.০০০০.০৯৮.১৬.০০৪.২০২৩-১৬৫

তারিখ: ১০ আশ্বিন ১৪৩০

২৫ সেপ্টেম্বর ২০২৩

বিষয়: ঝিনাইদহ জেলার মহেশপুর উপজেলা পরিষদের প্রশাসনিক ভবন ও হল নির্মাণ কাজের অগ্রগতি প্রেরণ।

সূত্র: জেলা প্রশাসকের কার্যালয়, ঝিনাইদহ এর স্মারক নং-৫৮০, তারিখ: ২৭/০৭/২০২৩খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকে প্রাপ্ত পরিদর্শন প্রতিবেদনের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মহেশপুর উপজেলা পরিষদের প্রশাসনিক ভবন ও হল নির্মাণের লক্ষ্যে ২.০০ কোটি (দুই কোটি) টাকা বরাদ্দের বিপরীতে ব্যয় ২.০০ কোটি (দুই কোটি) টাকা কিন্তু নির্মাণ কাজের অগ্রগতি ৪০% মাত্র। প্রকল্পের প্রাক্কলিত মূল্য, চুক্তি মূল্য, কাজ আরম্ভ ও সমাপ্তির তারিখ, কাজের গুণগত মান এতদ্বিষয়ে বিস্তারিত তথ্যাদি উল্লেখ না থাকায় বাস্তব কাজের অগ্রগতি অনুধাবন করা যাচ্ছেনা।

এমতাবস্থায়, মহেশপুর উপজেলা পরিষদের প্রশাসনিক ভবন ও হল নির্মাণ কাজের বাস্তব অগ্রগতি সরেজমিনে পরিদর্শনপূর্বক নির্মাণ কাজের স্থিরচিত্রসহ একটি স্বয়ংসম্পূর্ণ প্রতিবেদন পত্র প্রাপ্তির ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে এ বিভাগে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৫-৯-২০২৩

মোঃ শাহজালাল

সহকারী সচিব

ফোন: ০২-৫৫১০১৩০৯

নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, ঝিনাইদহ।

ইমেইল: monitoring2lgd@gmail.com

স্মারক নম্বর: -৪৬.০০.০০০০.০৯৮.১৬.০০৪.২০২৩-১৬৫/১(৭)

তারিখ: ১০ আশ্বিন ১৪৩০

২৫ সেপ্টেম্বর ২০২৩

অনুলিপিঃ সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) প্রধান প্রকৌশলী, এলজিইডি, আগারগাঁও, ঢাকা।
- ২) জেলা প্রশাসক, ঝিনাইদহ।
- ৩) উপপরিচালক, স্থানীয় সরকার, ঝিনাইদহ (বিষয়টি ফলোআপ করার অনুরোধসহ)
- ৪) সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
- ৫) প্রোগ্রামার, আইসিটি সেল, স্থানীয় সরকার বিভাগ
- ৬) মহাপরিচালক (মইই উইং) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ।
- ৭) যুগ্মসচিব (মওমু) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ।

২৫-৯-২০২৩

মোঃ শাহজালাল
সহকারী সচিব